সংলগ্নী- ২৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৬৭ তারিখ: ২২/০৪/২০০১ খ্রি:

# পরিপত্র

**বিষয়: উন্নয়ন প্রকল্পে সাকুল্য ও স্কেলভিত্তিক জনবল নিয়োগ প্রসঙ্গে।**

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পে নিয়োগ, মেয়াদকাল ও জনবলের বেতন নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

১। ১লা জুলাই ১৯৯৭ থেকে শুরু হওয়া সকল প্রকল্পের (দ্বিতীয়, তৃতীয় বা পরবর্তী পর্যায়ের প্রকল্পসহ) লোকবলকে, নিম্নে অনুচ্ছেদ নং ২তে বর্ণিত ক্ষেত্র ব্যতিত, সাকুল্য বেতনে নিয়োগ করতে হবে। সংযোজনী - ক তে প্রদর্শিত সাকুল্য বেতন কাঠামো অনুযায়ী বিভিন্ন গ্রেডে নিয়োজিত লোকবলকে বেতন প্রদান করতে হবে। প্রকল্প সমাপ্তির পর সাকুল্য বেতনে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ অর্থ বিভাগের অম/ অবি/ উঃ-১/ বিবিধ-৫২/ ৯৬/ ৪১৬ তারিখ: ১৪-১০-১৯৯৭ স্মারক অনুযায়ী আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

২। প্রকল্পে অন্তর্ভুক্ত শিক্ষক ও চিকিৎসক পদের মধ্যে যে সকল পদ প্রকল্প সমাপ্তির পর রাজস্ব খাতে স্থানান্তরিত হওয়ার যোগ্য ঐ সকল পদে সাকুল্য বেতনের পরিবর্তে স্কেল ভিত্তিক লোকবল নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ধরনের ব্যতিক্রম করার জন্য ঐ সকল পদ ও পদের সংখ্যা প্রকল্প সারপত্রে স্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং একনেক (ECNEC) থেকে এ ধরনের ব্যতিক্রমের জন্য প্রতিক্ষেত্রে অনুমোদন নিতে হবে। বিষয়টি একনেক (ECNEC) সভার কার্যবিবরণীতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৩। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট পিসিপি/পিপি প্রয়োজনীয় সংশোধন/প্রণয়নের জন্য সকল মন্ত্রণালয়/ বিভাগকে অনুরোধ করা হল।

সমর চন্দ্র সিনহা
উপ-সচিব।
ফোন- ৮৬১৮৩৯৫

১। মন্ত্রি পরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান মন্ত্রির কার্যালয়।
২। সচিব, ---------------------------------------মন্ত্রণালয়/ বিভাগ।
৩। সদস্য (সকল),-----------------------------বিভাগ,পরিকল্পনা কমিশন।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা, বাংলাদেশ।
৫। সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।

নং-অম/অবি/উঃ-১/বিবিধ-৫২/৯৬/৬৭ তারিখ: ২২/০৪/২০০১ খ্রি: